



Gweithredu dros Iechyd Meddwl Caerdydd a'r Fro
Cardiff and Vale Action for Mental Health

কার্ডিফ এবং ভেল অফ গ্লমোগর্নে মানসিক স্বাস্থ্য পরিষেবা

কার্ডিফ অ্যান্ড ভেল অ্যাকশন ফর মেন্টাল হেল্থ [(cavamh) (সিএভিএমএইচ)] ওয়েবসাইট দেখার জন্য ধন্যবাদ। এই ওয়েবসাইটে সিএভিএমএইচ-এর কাজকর্মের বিষয়ে তথ্য আছে এবং কার্ডিফ ও ভেল অফ গ্লমোগর্নে মানসিক স্বাস্থ্য পরিষেবার অনলাইন ডায়রেক্টরি অর্থাৎ নির্দেশিকা আছে।

যাদের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত প্রয়োজন আছে তাদের জন্য পরিষেবার বিষয়ে এই নির্দেশিকায় তথ্য জানানো হয়েছে। এতে ছোট ছেলেমেয়ে ও তরুণ, প্রাপ্তবয়স্ক ও বয়োবৃদ্ধদের জন্য পরিষেবার উল্লেখ আছে।

এতে এই সব বিষয়ে তথ্য আছে:

- আইনী বিষয় - যেমন মেন্টাল হেল্থ অ্যাক্ট, মেন্টাল ক্যাপাসিটি অ্যাক্ট ও কেয়ারার্স অ্যাক্ট
- সংবিধিবদ্ধ বিভাগ যেমন কার্ডিফ ও ভেলের ইউনিভার্সিটি হেল্থ বোর্ড (স্বাস্থ্য সমিতি), কার্ডিফ ও ভেল অফ গ্লমোগর্নের স্থানীয় কর্তৃপক্ষ ও পুলিশের দ্বারা প্রদত্ত পরিষেবা
- তৃতীয় বিভাগের সংগঠনগুলি দ্বারা প্রদত্ত পরিষেবা
- ফোনে হেল্পলাইনের তালিকাসমূহ।

কিভাবে পরিষেবা পাওয়া যায়

আপনি যদি প্রথমবার এই পরিষেবা পেতে চান তাহলে সাধারণত প্রথমে আপনার জিপিকে যোগাযোগ করতে হবে। জিপি প্রয়োজনগুলি মূল্যায়ন করে দেখবেন ও আপনার এলাকার প্রাথমিক মানসিক স্বাস্থ্য সহায়তা সেবা (প্রাইমারি মেন্টাল হেল্থ সাপোর্ট সার্ভিস) অথবা সামাজিক মানসিক স্বাস্থ্য দলের (কমিউনিটি মেন্টাল হেল্থ টিম) কাছে আপনার সুপারিশ করে দেবেন।

যদি জিপির মনে হয় যে প্রয়োজনটি অতি জরুরী (ঐ ব্যক্তি নিজে বিপন্ন বা অন্যদের বিপন্ন করতে পারেন) তাহলে দ্রুত মূল্যায়ন সুনিশ্চিত করার একটি পদ্ধতি আছে।

ভাষাগত প্রয়োজন

যেখানে প্রয়োজন, নিম্নোক্ত সংবিধিবদ্ধ এজেন্সিগুলি অনুবাদ পরিষেবা ব্যবহার করতে পারে:

- কার্ডিফ ও ভেল ইউনিভার্সিটি হেল্থ বোর্ড (এরা কার্ডিফ ও পূর্ব ভেল অফ গ্লমোগর্নে মানসিক স্বাস্থ্য পরিষেবা দেয়): হয় মুখোমুখি অথবা ফোনের মাধ্যমে অনুবাদ পরিষেবা দেওয়া হয়। কর্মচারীরা দিনে 24 ঘন্টা, সপ্তাহে 7 দিন এই অনুবাদ পরিষেবা ব্যবহার করতে পারেন।
- ভেল অফ গ্লমোগর্ন কাউন্সিল - মুখোমুখি বা ফোনের মাধ্যমে অনুবাদক পেতে পারে

www.cavamh.org.uk

Tel 029 2022 2000 Fax 029 2023 8258

Copyright © Cardiff and Vale Action for Mental Health 2004-2013 - Registered Charity No. 1148312 / Company No. 8000094